রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৩, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাণিজ্য মন্ত্রণালয়**

## আদেশ

তারিখ, ২রা অগ্রহায়ণ ১৪০৭/১৬ই নভেম্বর ২০০০

**এস আর ও নং ৩৪১-আইন/২০০০**—Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি নীতি আদেশ, ১৯৯৭—২০০২ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত আদেশ এর পরিশিষ্ট-১ এর '(খ) শর্তযুক্ত আমদানিযোগ্য পণ্যের তালিকার' টেবিলের কলাম ১ এ উল্লিখিত—

(ক) এইচ এস হেডিং নং ০৭.০১ এর বিপরীতে কলাম ৪ এ এন্ট্রি (খ) এর পর নিম্নরূপ এন্ট্রি (গ) সংযোজিত হইবে, যথা ঃ—

"(গ) আলুবীজ আমদানির নিমিত্ত উদ্ভিদ সংরক্ষণ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত আমদানি অনুমতিপত্র গ্রহণ সাপেক্ষে এল, সি খুলিতে হইবে।" ;



মূল্য ঃ টাকা ১.০০

(খ) এইচ এস হেডিং নং ০৭.০১ এবং উহার বিপরীতে কলাম ২, ৩ ও ৪ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর যথাক্রমে, নিম্নরূপ এইচ এস হেডিং নং এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

| | | | |
|---|---|---|---|
| "০৭.১০ | ০৭১০.১০ | আলু | নিম্নে বর্ণিত শর্তাদি সাপেক্ষে আলু আমদানি করা যাইবে, যথা ঃ—<br><br>(ক) আমদানিকারকের কাগজপত্রের সহিত মূল সরবরাহকারী কর্তৃক প্রদত্ত সংগরোধ (কোয়ারেন্টাইন) সংক্রান্ত প্রত্যয়নপত্র এবং আলু রপ্তানীকারক দেশের সরকারী সংস্থা কর্তৃক "ফাইটো সেনিটারী" সার্টিফিকেট রপ্তানী সংক্রান্ত দলিলাদির সংগে আমদানিকারককে দাখিল করিতে হইবে।<br><br>(খ) আমদানিকৃত আলু শুল্ক কর্তৃপক্ষ হইতে ছাড়করণের পূর্বে উহার সংগরোধ সংক্রান্ত প্রত্যয়নপত্র উদ্ভিদ সংরক্ষণ কর্তৃপক্ষ হইতেও গ্রহণ করিতে হইবে।<br><br>(গ) আলু আমদানির নিমিত্ত উদ্ভিদ সংরক্ষণ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত আমদানি অনুমতিপত্র গ্রহণ সাপেক্ষে এল, সি খুলিতে হইবে।"। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মোঃ ফজলুর রহমান**
উপ-সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।